



স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২৭/২০২২/১০০৪

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯
৩০ জুন, ২০২২

অফিস আদেশ

এ বিশ্ববিদ্যালয়ের এপ্রায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (এসিসিই) বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় চেয়ারম্যান ড. মো. নুরুন্নবী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিদেশে গমন করেছেন বলে কর্তৃপক্ষ অবগত হয়েছে। তাঁর বিদেশে গমনের ফলে বিভাগের দাপ্তরিক কাজসহ শিক্ষাকার্যক্রম পরিচালনা করতে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। একদিকে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিদেশে গমন করা এবং অন্যদিকে বিভাগের শিক্ষাকার্যক্রমের বিঘ্ন ঘটিয়ে কার্যে অনুপস্থিত থাকার জন্য কর্তৃপক্ষ অন্যরূপ ব্যবস্থা গ্রহণ করার পূর্বে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে তাঁকে বিভাগীয় চেয়ারম্যানের দায়িত্ব হতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

অপরপক্ষে, বিশ্ববিদ্যালয় আইন' ২০০১ এর ধারা ২৫ (২) ও (৩) এর আলোকে এ বিশ্ববিদ্যালয়ের এপ্রায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারি অধ্যাপক জনাব মোঃ লাউশান হাবীব কে নিম্নোক্ত শর্তে উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের জন্য নিয়োগ প্রদান করা হলো।


শর্তসমূহঃ-

- (১) তাঁকে ৩০/০৬/২০২২ ইং তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হলো।
- (২) তিনি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে নিয়ম অনুযায়ী দায়িত্বভাড়া প্রাপ্য হবেন।
- (৩) বিভাগীয় চেয়ারম্যান থাকাকালীন সময়ে তিনি বিশ্ববিদ্যালয় আইন', সংবিধি, বিশ্ববিদ্যালয়ের বিধান দ্বারা নির্ধারিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।
- (৪) তিনি ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী পালন করবেন।
- (৫) কর্তৃপক্ষ যে কোনো সময় এ আদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অত্র বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর স্বার্থে এ আদেশ জারী করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

পত্রখানি পূর্ববর্তী একই স্মারক ও তারিখের পত্রের উপর প্রতিস্থাপিত হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


৩০/৬/২০২২


(মোঃ মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২৭/২০২২/১০০৪

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯
৩০ জুন, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অনুমতি/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। ড. মোঃ নুরুন্নবী, সহযোগী অধ্যাপক, এসিসিই বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিভাগের দায়-দায়িত্ব বুঝিয়ে দেওয়ার অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ লাউশান হাবীব, সহকারি অধ্যাপক, এসিসিই বিভাগ (বিভাগের দায়-দায়িত্ব বুঝে নেওয়ার অনুরোধসহ)
- ৬। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৭। সংশ্লিষ্ট ব্যক্তিগত নথি, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৮। অফিস নথি।



(মোঃ শাহাবুদ্দিন)
সেকশন অফিসার